<u>**মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ পর্যন্ত**</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
মেট্রোরেল ভবন
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল লাইনের সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করা হয়েছে।

## MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

উত্তরা উত্তর হতে কমলাপুর পর্যন্ত ২১.২৬ কিলোমিটার দীর্ঘ MRT Line-6 এর নির্মাণ কাজ লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদমে এগিয়ে চলছে। ৩১ শে মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত উত্তরা উত্তর হতে মতিঝিল পর্যন্ত অংশের বাস্তব গড় অগ্রগতি **৯৯.৬১%**। মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত অংশের পূর্ত কাজের অগ্রগতি **৭৩.২৫%**।

**প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি**

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৮টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩১ শে মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এই প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি **১০০%**।
- **প্যাকেজ-০২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়ে গত ২০ জুন ২০২২ তারিখ শেষ হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি **১০০%**।
- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়ে গত ৩০ নভেম্বর ২০২২ তারিখ শেষ হয়েছে। এই প্যাকেজ দুইটির পূর্ত কাজের সমন্বিত বাস্তব অগ্রগতি **১০০%**।

  **মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার ভায়াডাক্ট ও ১টি স্টেশন নির্মাণ:** MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার কাজ পুরোদমে এগিয়ে চলছে। ৩১ শে মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত সকল পাইলক্যাপ, পিয়ার এবং সকল স্টেশন কলাম নির্মাণ সম্পন্ন হয়েছে। উত্তরা কন্সট্রাকশন ইয়ার্ডে ২৯৮টি প্রিকাস্ট সেগমেন্টের মধ্যে শতভাগ প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং সম্পন্ন হয়েছে। মোট ২৭টি স্প্যান এর মধ্যে ২৫টি স্প্যান উত্তোলন সম্পন্ন হয়েছে। মোট ১৮০ মিটার দৈর্ঘ্যের কনকোর্স ছাদের মধ্যে ১৮০ মিটার, ১৮০ মিটার ট্র্যাক স্ল্যাব এর মধ্যে ১৮০ মিটার ট্র্যাক স্ল্যাব এবং ১৮০ মিটার প্ল্যাটফর্ম স্ল্যাবের মধ্যে ১৮০ মিটার প্ল্যাটফর্ম স্ল্যাব ঢালাই সম্পন্ন হয়েছে। এছাড়া ৮২৪টি প্রিকাস্ট প্যারাপেট ওয়াল এর মধ্যে সকল প্রিকাস্ট প্যারাপেট ওয়াল তৈরি সম্পন্ন হয়েছে। স্টেশনের স্টিল রুফ স্ট্রাকচার এর ৫৩৩ টন স্টিলের মধ্যে ৪৯৯ টন স্টীল ইরেকশনের কাজ সম্পন্ন হয়েছে। কনকোর্স লেভেলের ২৮০০ বর্গমিটার ব্রিক ওয়াল ও প্লাস্টারের কাজ সম্পন্ন হয়েছে। স্টেশনের আর্কিটেকচারাল এবং এন্টি-এক্সিট এর কাজ চলমান রয়েছে। এই পর্যন্ত কাজের সার্বিক অগ্রগতি **৭৩.২৫%**।

- **প্যাকেজ-০৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়ে গত ৩০ জুন ২০২৪ তারিখ সমাপ্ত হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি **১০০%**।
- **প্যাকেজ-০৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়ে গত ৩০ জুন ২০২৪ তারিখ সমাপ্ত হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি **১০০%**।

- **প্যাকেজ-০৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি **৯৯.৯৫%।**
- **প্যাকেজ-০৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। ট্রেন ও স্থাপনার রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় ডিপো ইকুইপমেন্ট উত্তরা ডিপোতে সরবরাহ ও স্থাপনের কাজ চলমান আছে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি **৯৮.৩০%।**

## MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

বিমানবন্দর থেকে কমলাপুর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল মেট্রোরেল লাইন ও ১২টি পাতাল মেট্রোরেল স্টেশন বিশিষ্ট বিমানবন্দর রুট এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মেট্রোরেল লাইন এবং ৭টি উড়াল ও ২টি পাতাল মেট্রোরেল স্টেশন বিশিষ্ট পূর্বাচল রুট সমন্বয়ে মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 এর নির্মাণ কাজ গত ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ শুরু করা হয়েছে। MRT Line-1 এর নির্মাণ কাজ মোট ১২টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। **বিমানবন্দর রুটেই বাংলাদেশের প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হচ্ছে।**

**প্যাকেজভিত্তিক অগ্রগতি:**

- কন্ট্রাক্ট প্যাকেজ CP-01 এর আওতায় নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ মৌজায় ৩৫.৯০ হেক্টর বা ৮৮.৭১ একর ভূমিতে MRT Line-1 এর ডিপোর ভূমি উন্নয়নের কাজ গত ০১ মার্চ ২০২৩ তারিখ থেকে শুরু হয়ে চুক্তিতে নির্ধারিত সময় ৩১ আগস্ট ২০২৫ তারিখের পূর্বে সম্পন্ন হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-02 এর প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। গত ২১ মে ২০২৫ তারিখে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন ও খসড়া চুক্তিপত্রের উপর জাইকা হতে অনাপত্তি পাওয়া গেছে। বর্তমানে ক্রয় প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াধীন আছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-03 এর দরপত্র গত ২৫ মার্চ ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে। কোন প্রি-কোয়ালিফাইড বিডার দরপত্র দাখিল না করার প্রেক্ষিতে পুন:দরপত্র আহ্বান করার জন্য খসড়া দরপত্র দলিল গত ০৯ মার্চ ২০২৬ তারিখ concurrence এর জন্য জাইকা বরাবর প্রেরণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-04 এর দরপত্রের আর্থিক প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদনের উপর গত ২১ জুলাই ২০২৫ তারিখ জাইকা হতে concurrence পাওয়া গেছে। বর্তমানে ১ম সর্বনিম্ন দরদাতার সাথে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন চলমান আছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-05 এর প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। গত ১২ মে ২০২৫ তারিখে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন ও খসড়া চুক্তিপত্রের উপর জাইকা হতে অনাপত্তি পাওয়া গেছে। বর্তমানে ক্রয় প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াধীন আছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-06 এর দরপত্রের আর্থিক প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদনের উপর গত ১৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ জাইকা হতে concurrence পাওয়া গেছে। বর্তমানে ১ম সর্বনিম্ন দরদাতার সাথে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন চলমান আছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-07 এর দরপত্রের আর্থিক প্রস্তাব গত ১২ আগস্ট ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে। গত ১৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ আর্থিক প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদন concurrence এর জন্য জাইকা বরাবর প্রেরণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-08 দরপত্রের কারিগরি প্রস্তাব মূল্যায়নের প্রতিবেদন concurrence এর জন্য গত ২৩ অক্টোবর ২০২৫ তারিখ জাইকা বরাবর প্রেরণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-09 এর দরপত্রের আর্থিক প্রস্তাব গত ২৯ জুলাই ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে। গত ২৮ ডিসেম্বর ২০২৫ তারিখ আর্থিক প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদন concurrence এর জন্য জাইকা বরাবর প্রেরণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-10 এর দরপত্রের আর্থিক প্রস্তাব গত ৩০ জুন ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে। গত ২৮ ডিসেম্বর ২০২৫ তারিখ আর্থিক প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদন concurrence এর জন্য জাইকা বরাবর প্রেরণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-11 এর দরপত্র গত ০৯ জানুয়ারি ২০২৫ তারিখ আহ্বান করা হয়েছে এবং আগামী ১৩ এপ্রিল ২০২৬ দরপত্র উন্মুক্তকরণের তারিখ নির্ধারণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-12 এর দরপত্র গত ০৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ উন্মুক্ত করা হয়েছে। বর্তমানে দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন রয়েছে।

**MRT Line-5: Northern Route**

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত পাতাল ও উড়াল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) ও ১৪টি স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর Feasibility Study সম্পন্ন হয়েছে। বেসিক ডিজাইন ও ডিটেইলড ডিজাইন এর কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। বিভিন্ন সার্ভের কাজ সমাপ্ত হয়েছে। হেমায়েতপুর ডিপোর ভূমি অধিগ্রহণের কাজ সম্পন্ন হয়েছে। MRT Line-5: Northern Route এর নির্মাণ কাজ মোট ১০টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে।

**প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route মোট ১০টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। মার্চ ২০২৬ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- CP-01 (হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়ন): ঠিকাদারী প্রতিষ্ঠানের সঙ্গে গত ২৩ মে ২০২৩ তারিখ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক বর্তমানে হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়ন কাজ চলমান। মার্চ ২০২৬ পর্যন্ত অগ্রগতি ৭৭.৫৬%।

- CP-02 (হেমায়েতপুর ডিপো এলাকার পূর্ত কাজ ও ভবন নির্মাণ): গত ১৭ ডিসেম্বর ২০২৪ তারিখ দরপত্র আহবান করতঃ গত ০৯ এপ্রিল ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদনে গত ১৬ অক্টোবর ২০২৫ তারিখ জাইকা সম্মতি প্রদান করেছে। গত ২৬ জানুয়ারি ২০২৬ তারিখ আর্থিক মূল্যায়ন প্রতিবেদনে জাইকার সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে।

- CP-03 (হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত উড়াল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। গত ২৮ আগস্ট ২০২৪ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। উক্ত দরপত্রের কারিগরি মূল্যায়ন এবং আর্থিক প্রতিবেদনের উপর জাইকা যথাক্রমে গত ২৯ ডিসেম্বর ২০২৪ ও ২২ এপ্রিল ২০২৫ তারিখ সম্মতি প্রদান করেছে। পরবর্তীতে সর্বনিম্ন দরদাতার সহিত ০৪ মে ২০২৫ তারিখ হতে ১৪ জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত Negotiation সম্পন্ন হয়। পরবর্তীতে Negotiation Meeting Minutes-এর বিষয়ে গত ২২ সেপ্টেম্বর ২০২৫ তারিখ জাইকা কর্তৃক অনাপত্তি পাওয়া গিয়েছে। তদপ্রেক্ষিতে গত ০৮ অক্টোবর ২০২৫ তারিখ উক্ত প্যাকেজের প্রস্তাব অনুমোদনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল মহোদয়ের নিকট প্রেরণ করা হয়েছে।

- CP-04 (আমিনবাজার ট্রানজিশন হতে মিরপুর ১ পর্যন্ত পাতাল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): ঠিকাদার প্রাকযোগ্যতা সম্পন্ন এবং উন্নয়ন সহযোগী সংস্থা জাইকার সম্মতি পাওয়া গেছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ০৫ মে ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়। এরই প্রেক্ষিতে গত ১০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে অনুমোদন পেয়ে গত ১৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখ দরপত্র আহবান করা হয়েছে। এরই ধারাবাহিকতায় গত ৩০ মার্চ ২০২৬ তারিখ দাখিলকৃত দরপত্রসমূহ উন্মুক্ত করা হয়েছে। বর্তমানে দরপত্র মূল্যায়নের কার্যক্রম চলমান রয়েছে।

- CP-05 (মিরপুর ১ স্টেশনের পূর্ব হতে কচুক্ষেত পর্যন্ত পাতাল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): ঠিকাদার প্রাকযোগ্যতা সম্পন্ন এবং উন্নয়ন সহযোগী সংস্থা জাইকার সম্মতি পাওয়া গেছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ১৪ মে ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। গত ২৭ মার্চ ২০২৫ তারিখে অনুমোদন পেয়ে ০৮ এপ্রিল ২০২৫ তারিখে দরপত্র আহবান করা হয়েছে। পরবর্তীতে ২৭ আগস্ট ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদনে জাইকা গত ২৪ নভেম্বর ২০২৫ তারিখ সম্মতি প্রদান করেছে। এছাড়াও গত ০৯ ডিসেম্বর ২০২৫ তারিখ আর্থিক প্রস্তাব উন্মুক্ত করা হয়েছে। আর্থিক মূল্যায়ন প্রতিবেদনে সম্মতির জন্য গত ২০ জানুয়ারি ২০২৬ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। উক্ত আর্থিক মূল্যায়ন প্রতিবেদনের উপর গত ১৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ জাইকা মতামত প্রদান করে। পরবর্তীতে জাইকার উক্ত মতামতের জবাবসহ ডিএমটিসিএল এর ৭১তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক দরপত্রসমূহ বাতিল করার বিষয়ে জাইকার সম্মতির জন্য পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে।

- CP-06 (কচুক্ষেত স্টেশনের পূর্ব হতে ভাটারা ট্রানজিশন পর্যন্ত পাতাল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): দরপত্র দলিলে জাইকা সম্মতি প্রদান করেছে। গত ০৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদনে গত ০৪ জুন ২০২৫ তারিখ জাইকা সম্মতি প্রদান করেছে এবং ক্রয়কারী কার্যালয় প্রধান কর্তৃকও অনুমোদিত হয়েছে। গত ০৩ আগস্ট ২০২৫ তারিখ জাইকাতে সম্মতির জন্য প্রেরিত আর্থিক মূল্যায়ন প্রতিবেদনে ২৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখ জাইকা মতামত প্রদান করে। ইতোমধ্যে ডিএমটিসিএল এর ৭১তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী দরপত্রসমূহ বাতিল করার বিষয়ে জাইকার সম্মতির জন্য পুনরায় গত ২৯ অক্টোবর ২০২৫ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে ১৮ নভেম্বর ২০২৫ তারিখ পুনরায় আর্থিক প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদন জাইকাতে প্রেরণ করা হয় এবং গত ৭ জানুয়ারি ২০২৬ তারিখ জাইকার পর্যবেক্ষণের স্পষ্টীকরণের ভিত্তিতে পুনরায় মতামত প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় উক্ত প্যাকেজের Bid

Evaluation Committee ও ডিএমটিসিএল এর ৭১তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক সুপারিশকৃত দরপত্রসমূহ বাতিলসহ পুনরায় দরপত্র আহবানের বিষয়ে গত ২৯ জানুয়ারি ২০২৬ তারিখ জাইকা মতামত প্রদান করেছে।

- CP-07 (রেলওয়ে ই এন্ড এম সিস্টেম এর ডিটেইলড ডিজাইন, উৎপাদন ও স্থাপন [সিগন্যালিং, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রিফিকেশন, পিএসডি ও ইআরএমএসসহ]): দরপত্র দলিলে সম্মতির জন্য গত ২৮ মে ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে ০৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখের জাইকার পর্যবেক্ষণের প্রেক্ষিতে ০৬ নভেম্বর ২০২৫ তারিখ জবাব প্রেরণ করা হয়েছে। এরই প্রেক্ষিতে গত ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখ জাইকা দরপত্র দলিলে সম্মতি প্রদান করেছে। বর্তমানে দরপত্র আহবানের প্রক্রিয়া চলমান রয়েছে।
- CP-08 (রোলিং স্টক ও ডিপোতে  রোলিং স্টকের ইক্যুইপমেন্ট ডিজাইন, উৎপাদন ও স্থাপন): প্রাক-যোগ্যতার দলিলে সম্মতির জন্য গত ১১ জুলাই ২০২৩ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ০২ জুন ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। এছাড়াও, প্রাক-যোগ্যতা ব্যতিরেকে সরাসরি দরপত্র আহবানে সম্মতির জন্য জাইকার নিকট গত ১২ ডিসেম্বর ২০২৪ তারিখ পত্র প্রেরণ করা হয়। প্রাক-যোগ্যতা ও দরপত্র দলিলে সম্মতি এবং পূর্বোক্ত পত্রের জবাব না পাওয়ায় পরবর্তীতে গত ০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ জাইকার নিকট পুনরায় পত্র প্রেরণ করা হয়।
- CP-09 (ডিপো ও মেইন লাইনের ট্র্যাক ওয়ার্ক নির্মাণ): দরপত্র দলিলে জাইকা সম্মতি প্রদান করেছে। গত ২১ নভেম্বর ২০২৪ তারিখ দরপত্র আহবান করা হয়েছে এবং ০৬ মার্চ ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। কারিগরি মূল্যায়ন শেষে জাইকার সম্মতি প্রাপ্তির পর বিগত ০১ সেপ্টেম্বর ২০২৫ তারিখ আর্থিক প্রস্তাব উন্মুক্ত করা হয়েছে। পরবর্তীতে আর্থিক মূল্যায়ন প্রতিবেদনে সম্মতির জন্য গত ২৬ নভেম্বর ২০২৫ তারিখ জাইকায় প্রেরণ করা হয়েছে। এরই প্রেক্ষিতে জাইকা কর্তৃক গত ২৩ ডিসেম্বর ২০২৫ তারিখ উক্ত প্রতিবেদনের বিষয়ে প্রেরিত পর্যবেক্ষণের ভিত্তিতে গত ৭ জানুয়ারি ২০২৬ তারিখ জবাব প্রেরণ করা হয়। পরবর্তীতে ১৯ জানুয়ারি ২০২৬ তারিখ জাইকা কর্তৃক প্রদত্ত পুনঃপর্যবেক্ষণের বিষয়ে বিগত ৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ পুনরায় জবাব প্রেরণ করা হয়েছে। ০১ মার্চ ২০২৬ পর্যন্ত দরপত্র এর বৈধতার মেয়াদ নির্ধারিত ছিল। বৈধতার মেয়াদ ১৫ জুন ২০২৬ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে ০২ (দুই) জন দরপত্র দাতার মধ্যে একজন সম্মতি প্রদান করায় বিষয়টি সমাধানের জন্য ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল বরাবর গত ২৩ ফেব্রুয়ারি ২০২৬ নথি উত্থাপন করা হলে তা পুনঃপর্যালোচনার জন্য ফেরৎ প্রদান করা হয়। পরবর্তীতে ১৫ মার্চ ২০২৬ BEC কমিটির সভায় বিষয়টি নিয়ে আলোচনা হয় এবং সভার সিদ্ধান্ত ২৯ মার্চ ২০২৬ তারিখ জাইকাকে অবহিত করে পত্র প্রেরণ করা হয়।
- CP-10 (অটোমেটিক ফেয়ার কালেকশন [এএফসি] সিস্টেমের ডিজাইন, উৎপাদন ও স্থাপন): প্রাক-যোগ্যতার দলিলে সম্মতির জন্য গত ০৯ অক্টোবর ২০২৩ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ২৮ এপ্রিল ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে।

হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত মেইন লাইন ও স্টেশনসমূহের জন্য প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণের কার্যক্রম বিভিন্ন পর্যায়ে চলমান রয়েছে। এছাড়াও বিভিন্ন সরকারি/আধাসরকারি সংস্থা হতে এমআরটি স্টেশনের Entry/Exit এর জন্য জমি হস্তান্তর প্রক্রিয়াধীন।

## MRT Line-5: Southern Route

২০৩০ সালের মধ্যে গাবতলী থেকে আফতাব নগর পশ্চিম পর্যন্ত ১৩.১০ কিলোমিটার পাতাল এবং আফতাব নগর সেন্টার থেকে দাশেরকান্দি পর্যন্ত ৪.১০ কিলোমিটার উড়াল মোট ১৭.২০ কিলোমিটার দীর্ঘ এবং ১৫টি স্টেশন (পাতাল ১১টি এবং উড়াল ৪টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Feasibility Study ও Engineering Design সম্পন্ন হয়েছে। Feasibility Study ও Engineering Design এর ভিত্তিতে প্রণীত বিনিয়োগ প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে। বর্তমানে প্রকল্পের Procurement Document Preparation এর কাজ চলমান আছে।

## MRT Line -2

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) কর্তৃক Updating of the Revised Strategic Transport Plan (URSTP)-এর Final Report এর Maximum Transport Network Development Scenario অনুযায়ী MRT Line-2 এর প্রস্তাবিত Alignment হলো: গাবতলী-ঢাকা উদ্যান-বসিলা মোড়-মোহাম্মদপুর বিআরটিসি বাসস্ট্যান্ড-ঝিগাতলা-সাইন্সল্যাব-নিউমার্কেট-আজিমপুর-লালবাগ-চকবাজার-মিটফোর্ড-নয়াবাজার-ধোলাইখাল-দয়াগঞ্জ-কাজলা-ডেমরা-তারাবো বাসস্ট্যান্ড এবং দৈর্ঘ্য প্রায় ২৩.৫০ কিলোমিটার। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের নির্দেশনা অনুযায়ী এবং প্রস্তাবিত Alignment এর উপর ভিত্তি করে MRT Line-2 এর পিডিপিপি'র নীতিগত অনুমোদনের জন্য গত ৮ অক্টোবর ২০২৫ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে ভৌত অবকাঠামো

বিভাগ, পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছিল। সম্প্রতি ডিটিসিএ কর্তৃক URSTP-এর সংশোধিত Final Report-এ নারায়ণগঞ্জ শহরকে অন্তর্ভুক্ত করার বিষয়ে সুপারিশ করা হয়েছে। উক্ত সুপারিশ অনুযায়ী অনুযায়ী এমআরটি লাইন-২ এর রুট এলাইনমেন্টে নারায়ণগঞ্জকে অন্তর্ভুক্ত করে পুনরায় পিডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করার লক্ষ্যে পিডিপিপি প্রক্রিয়াকরণের কাজ চলমান রয়েছে। একইসঙ্গে এমআরটি লাইন-২ এর Feasibility Study, Detailed Design and Tender Document Preparation কার্যক্রমসমূহ উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়নের মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে TAPP প্রস্তুতকরণের কাজ চলমান রয়েছে।

**MRT Line-4**

কমলাপুর থেকে নারায়ণগঞ্জ জেলার মদনপুর পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ MRT Line-4 নির্মাণের নিমিত্ত Feasibility Study করার জন্য উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক গত ১৪ মে ২০২৪ তারিখ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ দেয়া হয়েছে। গত ১৭ ডিসেম্বর ২০২৫, MRT Line-4 Consultant, Final Report এর উপর Presentation অনুষ্ঠিত হয়। বর্তমানে Feasibility Study এর অগ্রগতি ৯৫%। Feasibility Study সম্পূর্ণ সমাপ্ত হওয়ার পর K-Exim Bank, DMTCL এর নিকট Final Report Submit করবে।